পাঠক ফোরাম

অপ্রচলিত পণ্য

ব্যবসা ক্ষেত্রের একটি নতুন এবং অত্যন্ত কার্যকর খাত হলো ‘অপ্রচলিত পণ্য’ সংশ্লিষ্ট বিষয়টি। আমাদের দেশের মতো ক্ষুদ্র দেশের পক্ষে ভারী শিল্পায়নের পথে ব্যাপকভাবে না গিয়ে এ খাতে জোর দিলে তা যথার্থভাবেই দেশীয় অর্থনীতিকে সমৃদ্ধ করবে। তেমনিভাবে পর্যটন খাতকে গুরুত্ব দিয়ে টিকে আছে নেপাল, মালদ্বীপ বেশ ভালোভাবেই। সাপ্তাহিক ২০০০-এর অনুসন্ধানী প্রতিবেদনটি অপ্রচলিত পণ্যের বিপুল সম্ভাবনাকে যেমন নির্দেশ করেছে তেমনি ‘সরকার’ নামক জগদ্দল পাথরের ভূমিকাও দেখিয়েছে। পরিবর্তিত বিশ্ব পরিস্থিতিতে আদৌ কি ঘুম ভাঙবে এ ‘কুম্ভকর্ণের’?

অবাক
mirana7@hotmail.com

মেঘনা ট্র্যাজেডি

‘লঞ্চের ধারণ ক্ষমতার অধিক যাত্রী বহন করা চলবে না’— এ সহজ নিয়মটিই আজ পর্যন্ত কার্যকর করা সম্ভব হলো না। আসলে কারণটি কি? সামান্য ভুলে এবং অবহেলায় এভাবে শত শত যাত্রী জীবন দিতে থাকবে এটিই বা কোন নিয়ম? লঞ্চ মালিক কর্তৃপক্ষ এবং লঞ্চের কর্তব্য পালনরত ব্যক্তিদের কি বিচার হবে বা আদৌ হবে কি না তাও দেখার বিষয়। কিন্তু প্রাণ হারানো শত শত যাত্রী এবং তাদের পরিবারকে এভাবে শোক সাগরে ভাসানোর অধিকার কে দিয়েছে তাদেরকে?

নাসির উদ্দিন বিশ্বাস, ১৫৩
দক্ষিণ বিশিল, মিরপুর-১, ঢাকা

প্রতিক্রিয়া

২৬ এপ্রিল সংখ্যায় তানভীর আহমেদের ‘প্লিজ একটা কিছু করুন’ শিরোনামে চিঠিটি পড়ে চিন্তা হচ্ছে কি করা যায়। সাধারণ জনগণের বাস্তবিকই কিছুই করার নেই শুধু আর একবার অস্ত্র ধারণ ছাড়া। এদেশে অনেক মেধাবী আছেন কিন্তু ব্যবহৃত হচ্ছেন না। আঁতেল এবং রাজনীতিবিদরা পাঁচ বছর অন্তর বা নিয়মিত বিক্রি হচ্ছেন আলুর মতো। আপনার মতো আমিও বিরক্ত পাশের বাড়ির ১৫ থেকে ২৫ বছরের ছেলেটার প্রতি, বিরক্ত ওয়াসা হতে শুরু করে পুলিশসহ ইনকাম ট্যাক্সের প্রতি, বিরক্ত ফরেন অ্যাফেয়ার্সের গোল্ডেন ক্যাডারদের প্রতি তাদের নারীসুলভ আচরণের জন্য। তাই আসুন, আর একবার প্রতিরোধে সোচ্চার হই। কারণ এ জাতি মাথা নোয়াবার নয়।

আরিফ, Post Box No-32
Moscow-117198, Russia

আইনের ফাঁক

জননিরাপত্তা আইন বাতিল হলো। প্রবর্তিত হলো আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন ২০০২। এ আইনেও পুলিশকে ব্যাপক ক্ষমতা দেয়া হয়েছে। এই আইনে বলা হয়েছে, আসামি হাতেনাতে ধরা পড়লে সাত দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল এবং ৩০ দিনের মধ্যে বিচার শেষ হবে। প্রশ্ন হচ্ছে, আসামিকে হাতেনাতে ধরবেটা কে? যে দেশের পুলিশের সামনে কোনো অপরাধ সংঘটিত হলে পুলিশ নির্বিকার দাঁড়িয়ে থাকে এবং অভিযোগ দিতে গেলে উল্টো অভিযোগকারীকেই ধরে বা হয়রানি করে, সে দেশে হাতেনাতে ধরার ব্যাপারটাই হাস্যকর। এই আইনের ফলে পুলিশের দুর্নীতির সুযোগ আরো বেড়েছে। কোনো ব্যক্তির কাছে চাঁদা বা বখরা চেয়ে না পেলে পুলিশ তাকে ‘হাতেনাতে ছিনতাই করেছে’ বলে ধরে আনতে পারে। অপছন্দের কাউকে পিটিয়ে বলতে পারে, জনতা পিটিয়েছে। মোট কথা, এই আইনে সাধারণ আম জনতাই ভুগবে বেশি।

বিজে দাস, নিমনগর বালুবাড়ি, দিনাজপুর

‘ব্লিসিং পাউডার’ আতঙ্ক

সিলেটে অভিনব কায়দায় ভেজাল মালামাল বিক্রিতে নেমেছে একশ্রেণীর প্রতারক চক্র। এতে তারা হাজার হাজার টাকা হাতিয়ে নিয়ে উধাও হয়ে যাচ্ছে। এদের উৎপাতে শহর জুরে ব্যবসায়ী মহলে বিরাজ করছে আতঙ্ক। এই প্রতারক চক্রকে ধরতে হন্যে হয়ে খুঁজে বেড়াচ্ছে ব্যবসায়ীরা। প্রতারক চক্রের বিক্রীত ব্লিসিং প্যাকেট উন্নতমানের দেখা যায়। সাধারণত এরকম যত্নসহকারে ব্লিসিং পাউডার বিক্রি হয় না। কথা দেয়া ক্রেতা ৪০ কেজি ব্লিসিং পাউডার নিতে না এলে দোকানির সন্দেহ হয়। তিনি ব্লিসিং পাউডার প্যাকেট খুলে দেখেন প্যাকেটের গায়ে ১০০% খাঁটি ব্লিসিং পাউডার লেখা আছে। ব্যবহারকারীরা যাচাই করে জানান, প্যাকেটে ব্লিসিং পাউডার নেই, ওতে শুধু চুন ভরা। শুকনো চুনকে প্রতারক চক্র ব্লিসিং পাউডার বলে চালিয়ে দিচ্ছে।

আহমেদ কায়সার নাসির
সিলেট

হায়রে শান্তি আলোচনা

প্যালেস্টাইনিরা ৩২ বছর সংযত হয়েই ছিলো, তারপরও তাদের ওপর চলেছে অত্যাচার, খুন আর দখল। শান্তি আসেনি। পৃথক প্যালেস্টাইন রাষ্ট্র গঠন অনেক দূরের কথা। এখন বুশ বলছে ইয়াসির আরাফাত যদি ইসরাইলিদের ওপর আত্মঘাতী হামলা বন্ধ করে তবেই শান্তি আলোচনা হতে পারে। প্যালেস্টাইনিরা তো এতোদিন আত্মঘাতী হামলা করেনি, তখন কেন শান্তি উদ্যোগ নেয়া হয়নি। এখন বিপর্যস্ত প্যালেস্টাইন, অবরুদ্ধ আরাফাত। মোদ্দা কথা বুশ, ব্লেয়ার, শ্যারন, বাজপেয়ি এরা ওসামা বিন লাদেনেরই উত্তরসূরি।

হোসেন আবেদ আলী
গুপ্তপাড়া, রংপুর-৫৪০০

উপদেশ নয়, আবেদন

প্রসঙ্গ ২৬ মার্চ ০২ জনকণ্ঠের দ্বিতীয় পৃষ্ঠার রিপোর্ট। শিরোনাম ‘জোট সরকার ক্রমেই অসহিষ্ণু হয়ে উঠেছে। খর্ব করছে বিরোধীদলের সকল গণতান্ত্রিক অধিকার’— জনকণ্ঠের এই রিপোর্টের সঙ্গে আমি কিছুতেই একমত নই। কারণ, সংসদীয় পদ্ধতিতে সবারই স্বীকৃত ঠিকানা জাতীয় সংসদ। আসন সংখ্যা একটাই হোক আর ২৯৬ হোক। বিগত বিরোধী দল নির্বাচন মেনে সরকারের আহ্বান ছাড়াই সংসদে গিয়েছে। তারা টিকতে পারেনি। আর আওয়ামী লীগ শুরুই করলো বয়কট দিয়ে, যা সংসদীয় পদ্ধতির পরিপন্থী। সংসদীয় পদ্ধতিতে সরকার পরিচালিত হওয়ার পরও অসাংবিধানিকভাবে সরকারি আমলা, কর্মচারীদের দিয়ে যে অগণতান্ত্রিকভাবে এই দেশের সাধারণ জনগণের ভোটাধিকার খর্ব করিয়ে বিশেষ জ্ঞান প্রয়োগ করে সরকার গঠনের পরও ভোটারসহ সাধারণ জনগণের ওপর যে অপশাসন চালিয়ে গেলেন পাঁচ বছর, তা কিরূপ গণতন্ত্র বা সহিষ্ণু আচরণ?

মোঃ জিল্লুর রহমান (রিপন), ৪৪/এ
কৃষ্টপুর, স্বপন ভিলা, ময়মনসিংহ

বাংলাদেশে এইডস

বাংলাদেশে HIV/AIDS রোগীর সংখ্যা এখনো সহনীয় পর্যায় আছে কিনা তা এখন তলিয়ে দেখার বিষয়। ২০০০ সালের ডিসেম্বর মাসে WHO’র এক হিসাব মতে, বাংলাদেশে HIV/AIDS রোগীর সংখ্যা প্রায় ২০ হাজার বলা হয়েছিলো। বর্তমানে এই সংখ্যা হয়তো আরো বেড়ে গেছে। আমাদের সরকারি হিসাব মতে, এই সংখ্যা কখনো ১৯৪, কখনো

হত্যাকারী পুলিশ

সম্প্রতি পুলিশি হেফাজতে মৃত্যু ঘটেছে কথিত ‘ডাকাতির অভিযোগে’ ধৃত আসামি জামাল উদ্দিন ফকিরের। পুলিশের ভাষ্যে বলা হয়েছিলো, জামাল ডাকাতি করতে গিয়ে ধরা পড়ে। কিন্তু আমরা জানতে পারলাম, জামালকে ১৭ এপ্রিল গভীর রাতে পুলিশ তার বাড়ি থেকে ধরে নিয়ে যায়, একটু পরেই ছেড়ে দেয়া হবে এই আশ্বাস দিয়ে। কিন্তু দুই দিন পরে ফিরিয়ে দিলো তার লাশ। ‘জামাল পানিতে ডুবে মারা গেছে’ পুলিশের এই বক্তব্য যে মোটেও সত্য নয় গোলাম মোর্তোজা সেই কথা অত্যন্ত নির্ভরযোগ্যভাবে প্রমাণ করেছেন তার প্রতিবেদনে। কাপাসিয়া থানার দায়িত্বপ্রাপ্ত ওসি প্রতিবেদকের কাছে যে বক্তব্য দিয়েছেন তাও পরস্পর বিরোধী এবং হাস্যকরও বটে। প্রতিবেদনের শেষে প্রতিবেদক তার প্রতিবেদনের অসম্পূর্ণতা সম্পর্কে আলোচনা এবং তার কারণও ব্যাখ্যা করেছেন।

সাঈদ হাসান, ঠিকানা প্রকাশে অনিচ্ছুক

টোকাই

২৪০ বলা হচ্ছে। কিন্তু আসলে প্রকৃত সংখ্যা কতো তা বলা হচ্ছে না। তবে বাংলাদেশের কিছু কিছু প্রতিষ্ঠান ও সরকারিভাবে কিছু কিছু উদ্যোগ নেয়া হচ্ছে। এই কর্মসূচি কতটা ফলপ্রসূ হচ্ছে তা আজকে ভাববার বিষয়।

ডা. মোস্তফা আবদুর রহিম
মিরপুর, ঢাকা

ছাগল সমাচার

অর্থমন্ত্রী সাইফুর রহমান প্রায়ই মজার মজার কথা বলেন। সম্প্রতি অর্থমন্ত্রী ঘোষণা করেছেন, আগামী বাজেটে কোনো খাতেই কোনো ধরনের ভর্তুকি থাকবে না। এর ঠিক একদিন পরেই পশুসম্পদ অধিদপ্তর ও জনতা ব্যাংক আয়োজিত একটি সেমিনারে তিনি বলেছেন, সরকার আগামী বাজেটে শুধু ছাগল খাতে ভর্তুকি দেবে। ঐ সেমিনারে অর্থমন্ত্রী আরো বলেছেন, বাংলাদেশ ও নাইজেরিয়া এই দেশ দুটি ছাগল উৎপাদনের জন্য অত্যন্ত সুবিধাজনক। (দুর্নীতিতে নাইজেরিয়া আগে বেশ কয়েকবার বিশ্ব চ্যাম্পিয়ন হওয়ার সৌভাগ্য অর্জন করেছে। সাবেক ও বর্তমান এই দুই বিশ্ব চ্যাম্পিয়ন মিলে একটি যৌথ ছাগল উৎপাদন প্রকল্প শুরু করলে কেমন হয়, অর্থমন্ত্রী ভেবে দেখবেন কি?)।

তারিক সালমন, ইংরেজি বিভাগ,
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সিগারেটে রাজস্ব ফাঁকি

সরকার বর্তমানে সিগারেটের প্রতি প্যাকেটে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক শুল্ক কর পরিশোধিত একটি স্টিকার লাগানোর নির্দেশ দেয়। সে কারণে প্রতি সিগারেট প্যাকেটে একটি স্টিকার লাগানো থাকে। কিন্তু ইদানীং সিগারেট বিক্রেতারা সিগারেট খুচরা বিক্রি করে প্যাকেটের স্টিকারটি তুলে সংরক্ষণ করছে। এছাড়া পুরো প্যাকেট বিক্রি করলেও স্টিকার নিজের হাতে তুলে রেখে দেন। এর কারণ জিজ্ঞাসা করাতে ওরা বলল, কোম্পানি কর্তৃক পুরস্কার পাওয়ার জন্য এরূপ করছে। পুরো ব্যাপারটা কেমন সন্দেহজনক, তাই সরকারের কাছে আবেদন, এ ব্যাপারে আরো পরীক্ষা-নীরিক্ষা করে যথাবিহিত ব্যবস্থা নেয়া হোক। অন্যথায় সরকার এক বিরাট মুনাফা থেকে বঞ্চিত হবে।

চৌধুরী মোঃ মোস্তাকিম টিটু
ফটিকছড়ি, চট্টগ্রাম

দেশপ্রেম

সোনার হরিণ ধরার তাগিদে লাখ লাখ বাঙালি পৃথিবীর উন্নত প্রতিটি দেশে কর্মরত আছেন যুগ যুগ ধরে। শত কর্মব্যস্ততার মাঝে বাঙালি সংস্কৃতি ও ঐতিহ্যকে তুলে ধরার প্রয়াসে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন প্রায়ই অনুষ্ঠানাদির আয়োজন করে আসছে এ প্রবাসে। গত ৯ মে বাংলা নববর্ষ উপলক্ষে কুয়েতের অত্যন্ত জনপ্রিয় সংগঠন 'নিঝর সাংস্কৃতিক গোষ্ঠী' বৈশাখী মেলার আয়োজন করে। ঐ অনুষ্ঠানে মান্যবর রাষ্ট্রদূত আমিনুল হোসেন সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে রাষ্ট্রদূত মহাজয় অবস্থানকাল সংক্ষিপ্ত করে চলে যান ভারতীয় অন্য এক অনুষ্ঠানে। এতে উপস্থিত সুধীজন বিরূপ প্রতিক্রিয়া ব্যক্ত করেন। গত ২ মে কুয়েতের আরেক সংগঠন অংকুর সাংস্কৃতিক অঙ্গন আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রদূত নির্লজ্জভাবে ভারতীয় ব্যবসা প্রতিষ্ঠান 'চেমননূর জুয়েলার্স'-এর ব্যবসায়িক প্রসারে বক্তব্য রাখেন, যা শুনে উপস্থিত প্রবাসীবৃন্দ মর্মাহত হন।

মোঃ বেলাল উদ্দিন
Post Box No-13207, Kuwait

ধর্ষণ এবং আত্মহত্যা

নরপশুদের হাতে ধর্ষিত হয়ে ধর্ষণের অপমান সহ্য করতে না পেরে আত্মহত্যা করে অনেকেই সেই অপমানের প্রতিশোধ নিয়েছে। আমি মনে করি, তারা এ কাজটি করে ধর্ষকদের সাহস বাড়িয়ে দিচ্ছে। আত্মহত্যা নয় বরং ধর্ষণের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলুন।

দয়াল শর্মা
চিড়াকান্দি, হবিগঞ্জ

পরিবেশ সংরক্ষণ

বাংলাদেশ সরকার ও বিভিন্ন প্রাইভেট ট্যুরিজমের উদ্যোগে গড়ে উঠেছে বিভিন্ন জেলায় দর্শনীয় স্থান। ঠিক তেমনি একটি ইকো পার্ক ও বোটানিক্যাল গার্ডেন যা সীতাকুন্ডে অবস্থিত। অথচ কিছু অসচেতন ধূমপায়ীর কারণে এ বছর বন পুড়ে অনেক গাছ মরে গেছে। ফলে একদিকে যেমন প্রাকৃতিক সম্পদ নষ্ট হচ্ছে, অপরদিকে পরিবেশও হচ্ছে ধ্বংসের সম্মুখীন। এক্ষেত্রে বন মন্ত্রণালয়ের আশু দৃষ্টি কামনা করছি।

দিলরুবা নাসির
দক্ষিণ চর্থা, কুমিল্লা

শেখ হাসিনা এবং প্রাসঙ্গিকতা

প্রাক্তন প্রধানমন্ত্রী ও বর্তমান বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা গত নির্বাচনে ক্ষমতায় আরোহণ করতে ব্যর্থ হয়ে দিশেহারা হয়ে পড়েছেন। তিনি বিদেশী মিডিয়াকে বলেছেন, বর্তমান বাংলাদেশ সরকারে তালেবান আছেন এবং তালেবান সমর্থিত মদদ করছেন, বাংলাদেশের নাম তালেবানের তালিকায় না থাকলেও আপনি আমাদের দেশকে তালেবানে অন্তর্ভুক্তি করতে চান আন্তর্জাতিক মহলে, এটা গর্বের বিষয় নয় বরং গর্হিত এবং ঘৃণ্য। এর পরিণতি খুবই জঘন্য এবং আত্মঘাতী। ক্ষমতার লিপ্সা হয়তো আপনাকে অন্ধ করে দিয়েছে, তা না হলে এ ধরনের পাগলের প্রলাপ কেন?

রায়হান কবীর, পোঃ বক্স নং -২০৭২৩ সাফাত, কোড-১৩০৬৮, কুয়েত

ফোরাম ২০০০-এ চিঠি ১২৫ শব্দের উপর না হওয়াই ভালো। চিঠি পাঠাবার ঠিকানাঃ **ফোরাম, সাপ্তাহিক ২০০০, ৯৬/৯৭ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০**

সেন্সহীন সেন্সর বোর্ড

ভাবতে অবাক লাগে সেন্সর বোর্ড প্রায় পর্নো একটি ছবিকে ছাড়পত্র দেয় কিভাবে! সম্প্রতি মোহাম্মদ হোসেনের 'ফায়ার' ছবিটিতে যে পরিমাণ অশ্লীলতার ছড়াছড়ি ছিলো তা পর্নো ছবি হিসেবেই স্বীকৃতি পাবার যোগ্য। সেন্সর বোর্ডের এ ধরনের দায়িত্বহীনতা সর্ব মহলেই নিন্দিত হবার যোগ্য। উল্লেখ্য, ছবিটি দেখে আমি লজ্জিত ও অনুতপ্ত।

নাম প্রকাশে অনিচ্ছুক
বাদুরতলা, কোতোয়ালি, কুমিল্লা

দেশের স্বার্থে

ব্যক্তি বিশেষের স্বার্থে মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস হচ্ছে বিকৃত। বুদ্ধিজীবী হত্যার বিচার হলো না। উপরন্তু খুনি চক্রকে মুক্তিযুদ্ধের দেশে বানানো হয়েছে মন্ত্রী। দোহাই নিজেদের স্বার্থে এই নোংরা রাজনীতি বন্ধ করুন। দেশের স্বার্থে, জাতির স্বার্থে, আগামী প্রজন্মের স্বার্থে স্বাধীনতার সপক্ষে আরেকবার ঐক্যবদ্ধ হোন।

মামুন
রিয়াদ